চ্যান্সেলরের প্রবিধান

ক্যাটেগরি:	**শিক্ষার্থী**	ইস্যুর তারিখ: XX/XX/2016	নম্বর:	**A-101**
বিষয়:	ভর্তি, পুনর্ভর্তি, বদলি, এবং সকল শিক্ষার্থীর জন্য লিস্ট নোটিশ		পৃষ্ঠা:	1 এর1

পরিবর্তনের সারাংশ

এই প্রবিধান ২১ জানুয়ারি ২০১৬ তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-101 কে রহিত করে।

পরিবর্তনসমূহ:

- একই ভবনে সহ-অবস্থিত ডিস্ট্রিক্ট ৭৫ স্কুল যেখানে পরিবার আবেদন করছেন সেগুলির শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করার জন্য ভাইবোনের অগ্রাধিকার সম্প্রসারিত করে (p. 4, § II.A.1)।
- সেসব শিক্ষার্থীর প্রি-কে ভর্তির অগ্রাধিকার অপসারণ করে যাদের জোনভুক্ত স্কুলে প্রি-কে কর্মসূচি নেই, এবং বরোয় বসবাসকারী ও বরোর বাইরে বসবাসকারী আবেদনকারীদের পার্থক্য অপসারণ করে (pp. 4-5, § II.B)।
- অধিকতর বৈচিত্র্য অর্জনের জন্য স্কুলগুলিকে ভর্তির অন্যান্য অগ্রাধিকার ব্যবহারের অনুমতি দেয়, যদি এসব অগ্রাধিকার ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন (কেবলমাত্র প্রি-কের জন্য), অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট, এবং অফিস অভ জেনারেল কাউন্সেল কর্তৃক পূর্বানুমোদিত হয় (p. 5, § II.B.4; p. 6, § II.C.3)।
- ব্যাখ্যা করে যে যেসব শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়া শেষ হওয়ার পরে আসে, যাদের জোনভুক্ত স্কুল বা হাই স্কুলে আসন নেই তাদের আসন পাওয়ার জন্য ফ্যামেলি ওয়েলকাম সেন্টারে যেতে হবে। এছাড়া, যেসব শিক্ষার্থী জোনভুক্ত নয় এমন এলেমেন্টারি অথবা মিডল স্কুলে ভর্তি হতে চাইছেন তারা ডিস্ট্রিক্টের ভেতরে অন্যান্য লভ্য বিকল্পসমূহ নিরূপণে ফ্যামেলি ওয়েলকাম সেন্টারে যেতে পারেন (p. 7, § II.E.1-2)।
- সর্বোচ্চ সীমানির্ধারণ নীতি হালনাগাদ করে:ফিল্ড সাপোর্ট সেন্টার ও অফিস অভ ডিস্ট্রিক্ট প্ল্যানিংকে গ্রেডে ছাত্রসংখ্যা সীমিত করার অধিকার দারন করে, এবং শিক্ষার্থী আধিক্য পদ্ধতি ও ফেরতদানের নীতি ব্যাখ্যা করে (p. 8, § II.G)।
- ব্যাখ্যা করে যে এনওয়াইসি পাবলিক স্কুল থেকে অব্যাহতি লাভের পর শিক্ষার্থীর আগের স্কুলে ফিরে যাওয়ার অধিকার কেবলমাত্র উক্ত শিক্ষাবছরে পুনর্ভর্তির জন্য আবেদনকারী শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য হয়; তবে, মিডল ও হাই স্কুল শিক্ষার্থীরা অপর স্কুলে শিক্ষা বছর সম্পন্ন করতে পারবে না। (p. 9, § II.H.3-4; p. 10, § III.A)।
- ব্যাখ্যা করে যে এলেমেন্টারি ও মিডল স্কুলের শিক্ষার্থীদের এনওয়াইসি পাবলিক স্কুলে ফিরে আসার অধিকার ভর্তির জন্য ব্যবহৃত অগ্রাধিকারের ভিত্তিতে উক্ত স্কুলের জন্য শিক্ষার্থীর অব্যাহত যোগ্যতার উপর নির্ভর করে। অব্যাহতিপ্রাপ্ত শিক্ষার্থী যে স্কুলে ফিরে আসতে চাইছে যদি সেই স্কুলে শিক্ষার্থীর গ্রেডের শিক্ষার্থীসংখ্যা সীমায় পৌঁছে গিয়ে থাকে তাহলে উক্ত শিক্ষার্থীকে বেশি শিক্ষার্থী গ্রহণ করার জন্য যে-স্কুলকে নির্ধারণ করা হয়েছে সেখানে পাঠানো হবে (p. 10, § III.A)।
- এর আগে ডিস্ট্রিক্ট ও সিটিওয়াইড জিঅ্যান্ডটি কর্মসূচিগুলিতে ভর্তি শিক্ষার্থীদের জন্য গিফটেড ও ট্যালেন্টেড (জিঅ্যান্ডটি) কর্মসূচিগুলিতে ফিরে আসার অধিকার নিরূপণ করে (p. 10, § III.A.2)।
- ব্যাখ্যা করে যে ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নারদের (ইএলএল) দ্বিভাষিক কর্সূচিগুলিতে বদলির বিষয়টি ইএলএলদের ফিল্ড সাপোর্ট সেন্টারের ডেপুটি ডিরেক্টর, সুপারিনটেনডেন্ট এবং কেন্দ্রীয় ডিভিশন অভ ইএলএল অ্যান্ড স্টুডেন্ট সাপোর্ট-এর সিদ্ধান্তের উপর নির্ভর করে (p. 11, § IV.A.3)।
- সুরক্ষা ও চিকিৎসাজনিত দুরবস্থার জন্য বদলির সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট, ফিল্ড সাপোর্ট সেন্টার, স্কুল সেফটি, এবং ডিপার্টমেন্ট অভ মেন্টাল হেলথ অ্যান্ড হাইজিন/অফিস অভ স্কুল হেলথ-এর দায়িত্বাবলি ব্যাখ্যা করে (pp. 11-12, § IV.B.3-4)।
- বিদ্যমান দুরবস্থাজনিত বদলি শ্রেণির আওতায় পড়ে না এমন অ্যাকাডেমিক ও সামাজিক কারণে তত্বাধয়কের বদলির বিধান দেয় (pp. 11-12, § IV.B.3-4)।
- বসবাসের প্রমাণ তদন্তের পদ্ধতি ব্যাখ্যা করে (p. 16-17, § VII.B)।